

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
১ সেগুনবাগিচা, ঢাকা  
www.acc.org.bd

নং ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-১৩)/

তারিখ:

অফিস আদেশ

শ্রদ্ধা করা যাচ্ছে যে, সাপ্তাহিক ছুটির দিনে বা অন্যান্য সরকারী ছুটির দিনে এজাহার গ্রহণ করতে বা সেটি রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অনীহা বা অবহেলা প্রকাশ করছেন। কিন্তু দুর্নীতি দমন কমিশন আইন ও বিধি অনুযায়ী দুর্নীতি দমন কমিশন আইন এর তফসিলভুক্ত অপরাধ সম্পর্কে যে কোন সময়ে এজাহার গ্রহণ ও তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের।

০২। এজন্য সাপ্তাহিক ছুটির দিন কিংবা অন্য যেকোন সরকারী ছুটির দিনে বিধি মোতাবেক এজাহার গ্রহণ ও তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করার জন্য একজন কর্মকর্তাকে সার্বক্ষণিকভাবে দায়িত্বে রাখতে হবে। উক্ত ছুটির দিনসমূহে কোন আসামি আটক হলে তাকে নিকটস্থ ম্যাজিস্ট্রেটের নিকট উপস্থাপন করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট অফিস প্রধান বা অন্য যেকোন কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে কার্যক্রম গ্রহণ করা হবে।

০৩। এ আদেশ তাৎক্ষণিকভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-  
মুহাম্মদ দিলোয়ার বখ্ত  
সচিব  
ফোন: ৯৩৬০১১০  
e-mail: secretary@acc.org.bd

স্মারক নং ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭(অংশ-১৩)/

৪৭৮৩৫(২২০) তারিখ: ১০/১২/১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সকল)।
- ২। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় (সকল) (তঁার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৪। চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুহাহ অবগতির জন্য)।
- ৫। কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুহাহ অবগতির জন্য)
- ৬। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/সম্বিভ জেলা কার্যালয় (সকল) (তঁার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সানুহাহ অবগতির জন্য)

জালাল সাইফুর রহমান  
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)  
ফোন: ৯৩৫২১১৫  
d.admin@acc.org.bd